দামুড়হুদা কাঁঠালতলায় গরু বোঝায় পাওয়ারট্রলি উল্টে ৪ জন আহত

দামুড়হুদা উপজেলার কাঁঠালতলা নামক স্থানে গরু বোঝায় পাওয়ারট্রলি উল্টে ৪ জন গরু ব্যাবসায়ী মারাত্মক আহত হয়েছে। গতকাল মঙ্গলবার রাত সাড়ে ৮ টার দিকে অন্ধকারে নিয়ন্ত্রণ হারিয়ে এ দূর্ঘটনা ঘটে।

স্থানীয় সুত্রে জানাগেছে, দামুড়হুদা থানাধীন হাউলী ইউনিয়নের দর্শনা টু চুয়াডাঙ্গা মহাসড়কের জয়রামপুর কাঁঠালতলা নামক স্থানে রাত সাড়ে ৮ টার

দিকে একটি পাওয়ার ট্রলি মেহেরপুর হাটে গরু বেচাকেনা করে দুধপাতিলা নিজ বাড়ির উদ্দেশ্য যাওয়ার সময় কাঁঠালতলা নামক স্থানে নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশে থাকা মেহগনি গাছের সহিত ধাক্কা লেগে গাড়িতে অবস্থান করা ০৭ জন গরু ব্যবসায়ি আহত হয়। এর মধ্যে জামাল (৫৫) পিতাাঃ মৃত আজিজুল সরদার, লালটু (৩৫) পিতাঃ মোসলেম, শিমুল (১৭) পিতাঃ হাবলু, খটুক (৩০) পিতাঃ কাসেম সর্বসাং উপজেলার দুধপাতিলা। এদের মধ্যে ০৪ জনের অবস্থা গুরুতর হওয়ায় তাৎক্ষণিকভাবে স্থানীয় লোকজন দর্শনা ফায়ার সার্ভিস কর্মীরা আহতদের উদ্ধার করে চিকিৎসার জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে যায়। ভিকটিম চারজন বর্তমানে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে চিকিৎসাধীন। এদের মধ্যে শিমুলের অবস্থা আশঙ্কাজনক জনক।

দামুড়হুদার কাঁঠালতলায় দোকানের টিন কেটে চুরি

দামুড়হুদা উপজেলার জয়রামপুর কাঁঠালতলা নামকস্থানে ভাংড়ির দোকানের টিন কেটে বিভিন্ন মালামাল চুরির ঘটনা ঘটেছে। এই চুরির ঘটনায় বাজারের দোকান মালিকদের মধ্যে চাপা আতংক বিরাজ করছে।

চুরির ঘটনায় দোকানের মালিক হাসান বাদি হয়ে দামুড়হুদা মডেল থানায় একটি অভিযোগ দায়ের করেন। গতকাল শনিবার দিবাগত রাতে কে বা কাহারা এ চুরির ঘটনা ঘটেছে।

জানাযায়, দামুড়হুদা উপজেলার ডুগডুগী গ্রামের রফিকুল ইসলামের ছেলে হাসান আলি দীর্ঘ ৪ বছর যাবৎ কাঁঠালতলা মসজিদের পাশ্বে ভাংড়ির ব্যবসা করে আসছে। ঈদুল ফিতরের জন্য দুদিন দোকান বন্ধ থাকার সুযোগে শনিবার দিবাগত রাতে কে বা কাহারা দোকান ঘরের পিছনের টিন কেটে তামা, লোহা, কাসা, সিলভার, এ্যালমোনিয়াম, মাথার চুল ও নগদ টাকা চুরি করে নিয়ে যায়। চোরের দল চুরি করা মালামাল দোকানের অদূরে একটি বাগানে সেট করে। এমন আলামত পাওয়া যায় বাগানে। হাসান আলির ১ লক্ষ ২০ হাজার টাকার ক্ষয়ক্ষতি হয়েছে বলে অভিযোগে উল্লেখ করেন। এই চুরির ঘটনায় কাঁঠালতলা দোকানের মালিকদের মধ্যে চাপা আতংক বিরাজ করছেন।

দোকানের মালিক হাসান আলি বলেন, আমি দীর্ঘ ৪ বছর যাবৎ ব্যবসা করে আসছি এমন ঘটনা এতদিন ঘটেনি। এই বাজারে সব থেকে বেশি টাকা দিই নাইটগার্ডের। তারপরও এমন ঘটনা ঘটলো। গতরাতে আমার দোকান কেটে দামি সব জিনিসপত্র চুরি করে নিয়ে গেছে। এতে আমার প্রায় ১ লক্ষ ২০ হাজার টাকা ক্ষয়ক্ষতি হয়েছে।

দামুড়হুদা মডেল থানার এস আই ইউসুফ বলেন,এই চুরির ঘটনায় একটি অভিযোগ পেয়েছি। তদন্তপূর্বক আইনগত ব্যবস্থা গ্রহন করা হবে।